# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

### টেকনিক্যাল পদ

১। ৳৳ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে "ইসিজি টেকনিশিয়ান" মেডিক্যাল সেন্টারের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ সরকারী/আধাসরকারী/ক্লিনিকে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে

২। ৳৳ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "ল্যাবঃ ইন্সট্রাক্টর কাম-স্টোর কীপার" (ক) পদার্থ বিজ্ঞান বিভাগের ১টি স্থায়ী পদ (খ) বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি. পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে অথবা এইচ.এস.সি. ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳৳ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "ক্রাফট ইন্সট্রাক্টর", ডিএইআরএস অধীন প্যাটার্ন শপের ১টি, ওয়েল্ডিং শপের ৩টি, কার্পেন্ট্রি শপের ১টি স্থায়ী পদ এবং মেশিন শপের ৬টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। *অথবা* এইচ.এস.সি বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড কোর্সসহ ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিটারে CAD/CAM জানা প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হইবে।

৪। ৳৳ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "অপারেটর মেকানিক", ডিএইআরএস অধীন মেশিন শপের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন হইতে হইবে। *অথবা* এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳৳ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "ডাটা এন্ট্রি অপারেটরর" (ক) দূর্ঘটনা রিসার্চ ইনস্টিটিউট-এর ১টি স্থায়ী পদ, (খ) ডাইরেক্টরেট অব কন্টিনিউইং এডুকেশন এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬। ৳৳ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "হার্ডওয়ার টেকনিশিয়ান", আইসিটি সেল-এর ৩টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে ২য় বিভাগে এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় পাশ হইতে হইবে। মৌলিক কম্পিউটার দক্ষতা (ওয়ার্ড, এক্সেল, ইন্টারনেট ইত্যাদি)। আইসিটি সম্পর্কিত কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ৩-৪ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। রক্ষণাবেক্ষণ এবং গোপনীয় কাজে দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৭। ৳৳ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "হেড ইলেকট্রিশিয়ান" ছাত্রকল্যাণ পরিদপ্তরের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হবে। প্রার্থীকে 'এ' ও 'বি' ক্যাটাগরির লাইসেন্স প্রাপ্ত হইতে হবে। অথবা প্রার্থীকে এইচ.এস.সি ভোকেশনাল। বিজ্ঞান বিভাগে পাশসহ সংশ্লিষ্ট কাজে ০৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হবে। প্রার্থীকে অবশ্যই 'এ' ও 'বি' ক্যাটাগরির লাইসেন্স প্রাপ্ত হইতে হবে।

৮। ৳৳ ১০২০০-২৪৬৮০/- বেতন স্কেলে "হাউজ কীপার- কাম-কুক", উপাচার্য অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.এসি পাশসহ উন্নত মানের রান্নার কাজের ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। দেশী-বিদেশী রান্নার প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বিশেষ যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।

৯। ৳৳ ৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে "ড্রাইভার" (ভারী লাইসেন্স) ডিএইআরএস অধীন অটোমোবাইল শপের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১০। ৳৳ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "ড্রাইভার" (হালকা লাইসেন্স) ডিএইআরএস অধীন অটোমোবাইল শপের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ হালকা/ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১১। ৳৳ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "বাবুর্চি" উপ-উপাচার্য অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ সংশ্লিষ্ট লাইনে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা প্রাপ্ত হইতে হইবে।

১২। ৳৳ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "মেকানিক" (ক) রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ, (খ) পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউটের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. ভোকেশনাল ইন মেকানিক্স পাশ হইতে হইবে। *অথবা* প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষায় পাশসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে বা ওয়ার্কশপে মেকানিক্স হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬(ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

১৩। ৳৳ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "শপ এটেনডেন্ট" (ক) ডিএইআরএস অধীন ফাউন্ড্রী শপের ১টি স্থায়ী পদ (খ) ডিএইআরএস অধীন কেন্দ্রীয় ইন্সট্রুমেন্ট ওয়ার্ক শপের ১টি স্থায়ী পদ এবং (গ) প্রধান প্রকৌশলী কার্যালয়ের ০১ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৪। ৳৳ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "ল্যাবঃ এটেনডেন্ট" (ক) রসায়ন বিভাগের ২টি স্থায়ী পদ, (খ) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ৩টি স্থায়ী পদ (গ) পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউটের ৪টি স্থায়ী পদ (ঘ) পানি সম্পদ কৌশল বিভাগের ০১ টি স্থায়ী পদ (ঙ) ন্যানোম্যাটেরিয়ালস ও সিরামিক ইংঞ্জিনিয়ারিং বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সসহ ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৫। ৳৳ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে ''রাজমিস্ত্রী" প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. ভোকেশনাল ইন মেশন পাশ হইতে হইবে। *অথবা* প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষা পাশসহ কোন খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে রাজমিস্ত্রি হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬(ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

১৬। ৳৯০০০-২১৮০০/- বেতন স্কেলে ''হোয়াইট ওয়াশ মিস্ত্রী" প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. ভোকেশনাল ইন সিভিল পাশ হইতে হইবে। অথবা প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষা পাশসহ কোন খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠানে হোয়াইট ওয়াশ/রং মিস্ত্রি হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬ (ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

১৭। ৳৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "লিফটম্যান" প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশ এবং ইলেকট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স-এ ট্রেড কোর্সসহ লিফট অপারেটিং ও রক্ষণাবেক্ষণ কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। লিফ্ট সংক্রান্ত অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হইবে।

১৮। ৳ ঃ ৮৮০০-২১৩১০/- বেতন স্কেলে "ফটোকপি অপারেটর" রেজিস্ট্রার অফিসের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। Duplicating Machine/Scanner/ফটোকপি মেশিন চালানো ও রক্ষণাবেক্ষণের কাজের নূন্যতম তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

১৯। ৳ঃ ৮৮০০-২১৩১০/- বেতন স্কেলে ''সর্টার", কেন্দ্রীয় লাইব্রেরী এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ এস.এস.সি পাশ হইতে হইবে। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

২০। ৳ঃ ৮৮০০-২১৩১০/- বেতন স্কেলে ''বাইন্ডার", পরীক্ষা নিয়ন্ত্রক অফিস এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি. পাশসহ দপ্তরী/বাইন্ডার হিসাবে কমপক্ষে ২(দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। *অথবা* প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

২১। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে ''লাইব্রেরী এটেনডেন্ট", ডাইরেক্টরেট অব কন্টিনিউইং এডুকেশন-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ লাইব্রেরীর কাজে কমপক্ষে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

২২। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে ''সহকারী প্লাম্বার", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জে.এস.সি./সমমানের পরীক্ষায় সাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড কোর্সের সার্টিফিকেট থাকতে হবে। যাদের জে.এস.সি. সনদ নেই তাদের এস.এস.সি পাশের সনদ থাকতে হবে।

বিঃ দ্রঃ ক্রমিক নং ১ হইতে ৮,১১,১৩,১৪,১৭,১৮,১৯ এবং ২১ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

অনলাইনে https://recruitment.buet.ac.bd/ সাইটের মাধ্যমে প্রতিটি পদের জন্য বিভাগ/অফিস অনুযায়ী আলাদা আলাদা আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের অনাপত্তিপত্র অথবা অগ্রায়ণপত্র অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি অনলাইনের মাধ্যমে পরিশোধের প্রক্রিয়া সাইটের "Application Guideline " মেনুতে বর্ণনা করা হয়েছে। ক্রমিক নং ১ হতে ১৭ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৳ঃ ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক নং ১৮ হতে ২২ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৳ঃ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদনে উল্লেখিত তথ্যে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে কিংবা আবেদনকারীর যোগ্যতা উল্লিখিত যোগ্যতার কম হলে যে কোন পর্যায়ে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলে গণ্য হবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বছর বুয়েটের কোন চাকুরীর জন্য আবেদন করলে তা বিবেচিত হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card ওয়েব সাইট থেকে ডাউনলোড করতে পারবে।

আবেদন সংশ্লিষ্টে কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (regoffice.buet.ac.bd)-এ প্রকাশ করা হবে।

**অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ ঃ ১০/০৯/২০২৩**

uddin 19/08/23

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অ.দা.)

D:\REGISTRAR OFFC\Recuritment 2023\final summery.2023\Advertisement.06.23.docx